গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
সংখ্যা : ৩/২০১৭

ঢাকা, মঙ্গলবার ৩ জানুয়ারি ২০১৭, ২০ পৌষ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মন্ত্রিসভায় চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) আইন অনুমোদন

২। সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে : প্রধানমন্ত্রী

৩। সুষ্ঠু নির্বাচনে সমঝোতা অপরিহার্য : রাষ্ট্রপতি

৪। গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ) আসনের সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনের দাফন সম্পন্ন

৫। নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীদের জন্য ই-লার্নিং ও ই-ম্যানুয়েল কনটেন্ট উদ্বোধন

৬। প্রধানমন্ত্রী জাতির উদ্দেশে ভাষণ দেবেন আগামী বৃহস্পতিবার

৭। বিদেশি চ্যানেলে দেশি বিজ্ঞাপন প্রচারে নিষেধাজ্ঞা আরোপ

৮। আইন প্রণয়নে অপরিসীম ক্ষমতাবান নয় সংসদ

: অপারেশন ক্লিন হার্টের অধ্যাদেশ বাতিল সংক্রান্ত পূর্ণাঙ্গ রায়

৯। দেশের নতুন ভোটার ১৪ লাখ ৯৭ হাজার : হালনাগাদ খসড়া তালিকা প্রকাশ

১০। সিএমএইচ-বিএসএমএমইউ কিডনি প্রতিস্থাপন বিষয়ক সমঝোতা স্মারক স্বাক্ষর

চলমান পাতা-২

১। মন্ত্রিসভায় চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) আইন অনুমোদন

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের (সিডিএ) মাস্টার প্ল্যান (মহাপরিকল্পনা) লঙ্ঘন করে স্থাপনা নির্মাণ করলে সর্বোচ্চ দশ লাখ টাকা জরিমানা গুণতে হবে অভিযুক্ত ব্যক্তিকে। এছাড়া রাস্তা থেকে সীমানা প্রাচীর, খুঁটি, বাতি ইত্যাদি অপসারণের জরিমানা ২০০ টাকা থেকে বাড়িয়ে সর্বোচ্চ পাঁচ লাখ টাকা করা হয়েছে। এজন্য 'চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬' এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ২ জানুয়ারি সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১)।

২। সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে : প্রধানমন্ত্রী

ঘাতকচক্র গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ) আসনের সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনকে পরিকল্পিতভাবে হত্যা করেছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, চক্রান্তকারীরা আগে লিটনের ভাবমূর্তি ক্ষুণ্ন করেছে, এরপর পরিকল্পিতভাবে তাকে হত্যা করেছে। লিটন বিদেশে উচ্চশিক্ষা শেষে দেশে এসে নিজ এলাকায় জনসেবায় নিয়োজিত হন। হত্যাকারীদের অবশ্যই আইনের আওতায় আনা হবে। গতকাল ২ জানুয়ারি সোমবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে মন্ত্রিসভার নিয়মিত বৈঠক শেষে অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

৩। সুষ্ঠু নির্বাচনে সমঝোতা অপরিহার্য : রাষ্ট্রপতি

সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে রাজনৈতিক দলগুলোর মধ্যে সমঝোতা অপরিহার্য বলে মন্তব্য করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল ২ জানুয়ারি সোমবার নির্বাচন কমিশন গঠনে রাজনৈতিক দলগুলোর সঙ্গে চলমান সংলাপে জাতীয় পার্টির (জেপি) সঙ্গে আলোচনাকালে রাষ্ট্রপতি এ কথা বলেন। জাতীয় পার্টির চেয়ারম্যান পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জুর নেতৃত্বে ১৬ সদস্যের প্রতিনিধি দল বঙ্গভবনে যায়। বৈঠক শেষে রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদীন বলেন, আলোচনায় রাষ্ট্রপতি বলেন, সুষ্ঠু নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলোর সমঝোতা অপরিহার্য। তিনি গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখতে রাজনৈতিক দলগুলোর মধ্যে পরমত সহিষ্ণুতার সংস্কৃতি গড়ে তোলার আহ্বান জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২)।

৪। গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ) আসনের সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনের দাফন সম্পন্ন

দুর্বৃত্তদের গুলিতে নিহত গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ) আসনের সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনের দাফন সম্পন্ন হয়েছে। গতকাল ২ জানুয়ারি সোমবার আসর নামাজের পর সুন্দরগঞ্জে বাড়ির সামনের মাঠে জানাজা শেষে বাবা-মায়ের কবরের পাশে তার লাশ দাফন করা হয়। সেখানে তৃতীয় জানাজায় আওয়ামী লীগের কেন্দ্রীয় ও স্থানীয় নেতাসহ কয়েক হাজার মানুষ অংশ নেন। এর আগে ঢাকায় সকাল ১০টায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হয়। সংসদ ভবন অঙ্গনে জানাজা শেষে জাতীয় পতাকায় ঢেকে দেওয়া কফিনে ফুল দিয়ে শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষে তার সামরিক সচিব মেজর জেনারেল সারোয়ার হোসেন এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আওয়ামী লীগ সভাপতি হিসেবে দলের কেন্দ্রীয় নেতাদের নিয়ে আরেকবার কফিনে পুষ্পস্তবক অর্পণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় প্রধানমন্ত্রী এমপি লিটনের স্ত্রীসহ শোকাহত পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন ও তাদের সান্ত্বনা দেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

৫। নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীদের জন্য ই-লার্নিং ও ই-ম্যানুয়েল কনটেন্ট উদ্বোধন

নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক ইন্টারঅ্যাকটিভ ই-বুকে রূপান্তর করা হলো। এসব ই-লার্নিং রিসোর্স ও ই-ম্যানুয়েল প্রকাশের ফলে শিক্ষার্থীরা অনলাইনে পড়ার সুযোগ নিতে পারবে এবং শিক্ষকরাও পাঠদানের জন্য ডিজিটাল মাধ্যমে একটি গাইডলাইন পাবেন। গতকাল ২ জানুয়ারি সোমবার হোটেল সোনারগাঁওয়ে নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীদের জন্য ই-লার্নিং ও ই-ম্যানুয়েল কনটেন্ট উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এ সময় শিক্ষামন্ত্রী বলেন পাঠদান পদ্ধতি আরও উন্নত ও সহজতর করার জন্য আমরা প্রযুক্তি ব্যবহার করছি। ডিজিটাল রিডিং মেটেরিয়েল দেওয়া হচ্ছে। শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক ইন্টারঅ্যাকটিভ ই-বুকে রূপান্তর করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭), **অবজারভার** (পৃ.১১,ক.৬)।

৬। প্রধানমন্ত্রী জাতির উদ্দেশে ভাষণ দেবেন আগামী বৃহস্পতিবার

সরকারের ৩ বছর পূর্তিতে আগামী ৫ জানুয়ারি জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২০১৪ সালের ৫ জানুয়ারি দশম জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে তৃতীয়বার ক্ষমতায় আসে আওয়ামী লীগ। গতকাল

২ জানুয়ারি সোমবার প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ কথা বলেন। আগামী ৫ জানুয়ারি বৃহস্পতিবার সন্ধ্যায় বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ সব সরকারি ও বেসরকারি সম্প্রচার মাধ্যমে প্রধানমন্ত্রীর ভাষণ একযোগে প্রচার করা হবে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক, ৮)।

৭। বিদেশি চ্যানেলে দেশি বিজ্ঞাপন প্রচারে নিষেধাজ্ঞা আরোপ

বাংলাদেশে সম্প্রচারিত হয় এমন বিদেশি টেলিভিশন চ্যানেলে দেশি বিজ্ঞাপন প্রচারে নিষেধাজ্ঞা আরোপ করেছে সরকার। গতকাল ২ জানুয়ারি সোমবার এক তথ্য বিবরণীতে এ নিষেধাজ্ঞার কথা জানানো হয়। তথ্য মন্ত্রণালয়ের আদেশে বলা হয়, কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনার আইন ২০০৬'র ধারা ১৯ এর ১৩ উপধারার আলোকে বাংলাদেশের দর্শকদের জন্য বাংলাদেশের ডাউনলিংককৃত বিদেশি টিভি চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচার বন্ধ রাখার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। এ নির্দেশনা না মানলে সংশ্লিষ্ট বিদেশি টিভি চ্যানেল সম্প্রচারের অনাপত্তি ও অনুমতি এবং লাইসেন্স বাতিলসহ আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

৮। আইন প্রণয়নে অপরিসীম ক্ষমতাবান নয় সংসদ
: অপারেশন ক্লিন হার্টের অধ্যাদেশ বাতিল সংক্রান্ত পূর্ণাঙ্গ রায়

বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে 'অপারেশন ক্লিন হার্ট' নামে যৌথ বাহিনী পরিচালিত অভিযান সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক বলে হাইকোর্টের দেওয়া পূর্ণাঙ্গ রায় প্রকাশ হয়েছে। গতকাল ২ জানুয়ারি সোমবার সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে ৫২ পৃষ্ঠার এ রায়টি প্রকাশ করা হয়। রায়ে বলা হয়, আইন প্রণয়নের ক্ষেত্রে জাতীয় সংসদ অপরিসীম ক্ষমতাবান নয়। সংসদকে ভুলে গেলে চলবে না যে, তাদের ক্ষমতা সংবিধানের বিধি-বিধান দ্বারা সীমাবদ্ধ একইভাবে যৌথ বাহিনী বা আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা আইনের উর্ধ্বে নন। রায়ে অপারেশন ক্লিন হার্ট নামে যৌথ বাহিনীর পরিচালিত অভিযানকে বৈধতা দিয়ে প্রণীত যৌথ অভিযান দায়মুক্তি আইন ২০০৩ বাতিল করা হয়েছে। এছাড়া ওই অভিযানের সময় যৌথ বাহিনীর কোনো সদস্যর দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যরা প্রতিকার চেয়ে ফৌজদারী বা দেওয়ানী মামলা করতে পারবেন বলেও উল্লেখ করা হয়েছে। বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মো. আশরাফুল কামাল সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ ২০১৫ সালের ১৩ সেপ্টেম্বর এ রায় দেন। পূর্ণাঙ্গ রায় লেখা শেষে বিচারপতিদের স্বাক্ষরের পর গতকাল ২ জানুয়ারি সোমবার তা প্রকাশ করা হয়। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

৯। দেশের নতুন ভোটার ১৪ লাখ ৯৭ হাজার : হালনাগাদ খসড়া তালিকা প্রকাশ

সারাদেশের ১৪ লাখ ৯৭ হাজার ৬২৭ জনকে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করে হালনাগাদ খসড়া তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। গতকাল ২ জানুয়ারি সোমবার নির্বাচন কমিশন প্রকাশিত তালিকায় পুরুষ ভোটারের সংখ্যা ৯ লাখের কিছু বেশি এবং মহিলা প্রায় ৫ লাখ ৯৪ হাজার। নির্বাচন কমিশন জানায়, দেশে বর্তমান ভোটার সংখ্যা ১০ কোটি ১৪ লাখ ৪০ হাজার ৬০১ জন। প্রকাশিত খসড়া ভোটার তালিকার ওপর দাবি আপত্তি নিস্পত্তি শেষে আগামী ৩১ জানুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.৩,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

১০। সিএমএইচ-বিএসএমএমইউ কিডনি প্রতিস্থাপন বিষয়ক সমঝোতা স্মারক স্বাক্ষর

সম্মিলিত সামরিক হাসপাতাল (সিএমএইচ) ঢাকা এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) ঢাকা এর মধ্যে কিডনি প্রতিস্থাপন বিষয়ক এক সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান গতকাল ২ জানুয়ারি সোমবার ঢাকা সেনানিবাসস্থ (সিএমএইচ)-এর প্রশাসনিক ভবনের মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে বিএসএমএমইউ-এর রেজিস্টার প্রফেসর মো. আব্দুল হান্নান (অব.) এবং সিএমএইচ ঢাকার কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মো. মাহবুবুর রহমান স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর প্রদান করেন। সিএমএইচ ঢাকায় অত্যাধুনিক যন্ত্রপাতি সম্বলিত কিডনি প্রতিস্থাপন সেন্টার স্থাপনের সকল কার্যক্রম চলমান রয়েছে। এখন সমঝোতা স্মারক স্বাক্ষর হওয়ায় ঢাকা সিএমএইচ এর এই সেন্টারটি চালু করার জন্য মেডিকেল টিমের প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট সকল প্রকার সহযোগিতা বঙ্গবন্ধু শেখ মজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) প্রদান করবে। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজশাহী চিড়িয়াখানার দৈন্যদশা তুলে ধরে সিটি করপোরেশনকে দ্রুত অর্থ সংস্থানের ব্যবস্থা করে চিড়িয়াখানার আধুনিকায়নে ২০১০ সালে নেওয়া প্রকল্পটিকে এগিয়ে নেওয়ার সুপারিশ।

খ. **জনকন্ঠ, ইনকিলাব, অবজারভার :** গাইবান্ধার সুন্দরগঞ্জের সংসদ সদস্য খুন হওয়ার ঘটনায় জড়িতদের চিহ্নিত করতে আইনশৃঙ্খলা বাহিনী ও তদন্ত সংস্থাগুলোকে সম্পূর্ণ নিরপেক্ষ ও প্রভাবমুক্ত থেকে দায়িত্ব পালন করে দোষীদের বিচারের মুখোমুখি করার প্রত্যাশা।

গ. **প্রথম আলো :** ব্রিটিশ কাউন্সিলের জরিপে বাংলাদেশে সামাজিক উদ্যোগে তারুণ্যের সমাগম বেশি থাকার পরিপ্রেক্ষিতে সরকারকে এ উদ্যোগে বিভিন্নভাবে সহায়তা করার পাশাপাশি গণমাধ্যমকে এমন উদ্যোগের সাফল্য চিত্র তুলে ধরার আহ্বান ।

ঘ. **সমকাল, সংবাদ, ইনডিপেনডেন্ট :** ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নতুন বাজার সৃষ্টি ও পণ্য বহুমুখীকরণে মনোযোগী হতে ব্যবসায়ীদের প্রতি যে আহ্বান জানিয়েছেন তাকে যথাযথ ও সময়োপযোগী বলে অভিমত।

ঙ. **যুগান্তর :** বিচার বিভাগীয় সম্মেলনে আইন ও বিচার সংশ্লিষ্ট বিভিন্ন সমস্যা সমাধানে বিচারকদের প্রস্তাব দ্রুত আমলে নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার, সমকাল, জনকন্ঠ :** সময়ক্ষেপণ না করে চূড়ান্ত আলটিমেটাম দিয়ে হাজারীবাগ থেকে ট্যানারি শিল্প উচ্ছেদ করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** আগামী বর্ষা মওসুমের পূর্বেই সড়ক-মহাসড়ক সংস্কার কাজ শেষ করতে সংষ্টিদের সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী যে নির্দেশ দিয়েছেন তা প্রতিপালনের প্রত্যাশা।

জ. **ডেইলি সান, যায় যায় দিন :** ক্যাব-এর দ্রব্যমূল্য ও জীবনযাত্রার ব্যয় বিষয়ক বার্ষিক প্রতিবেদনে জীবনযাত্রায় ব্যয় বৃদ্ধির যে চিত্র উঠে এসেছে তার পরিপ্রেক্ষিতে দ্রব্যমূল্য সহনীয় রাখতে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউজ টুডে :** দেশে শুধুমাত্র গবেষণা কার্যক্রম চালানোর জন্য একটি বিশ্ববিদ্যালয় স্থাপনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রস্তাব বাস্তবায়নের প্রত্যাশা করে বিশ্ববিদ্যালয়গুলোতে আরো অধিক গবেষণা কার্যক্রম পরিচালনার সুপারিশ।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে এ দেশে মুক্তিযুদ্ধ বিরোধী রাজনীতির কোনো স্থান থাকতে পারে না। সেজন্য এমন রাজনৈতিক পরিমন্ডল তৈরি করতে হবে, যেখানে সরকারি দল ও বিরোধীদল উভয়ই মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তি হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে 'ব্র্যান্ডিংয়ে বিনিয়োগ বিকাশ' শিরোনামের নিবন্ধে সঞ্জীব কুমার বিশ্বাস বর্তমান সরকার গৃহীত জনকল্যাণমুখী 'শেখ হাসিনা বিশেষ উদ্যোগ'-এর কারণে অর্থনীতি ও সামাজিক পরিস্থিতির যে ক্রমাগত উন্নয়ন সাধিত হচ্ছে, তা সুন্দর আলোকোজ্জ্বল এক ভবিষ্যতের বাংলাদেশ নির্দেশ করছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা